দৈনিক বাংলা

তারিখ 07 NOV 1994
পৃষ্ঠা ৪ কলাম ৭

05

# মেডিক্যাল কলেজের জন্য কমিটি

দেশের মেডিক্যাল কলেজগুলির সমস্যা চিহ্নিত করে তার সমাধান করার লক্ষ্যে সরকার একটা কমিটি গঠন করেছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী চৌধুরী কামাল ইবনে ইউসুফকে সভাপতি করে বিশিষ্ট ব্যক্তিদের নিয়ে গঠিত এই কমিটি ৬০ দিনের মধ্যে প্রতিবেদন সরকারের কাছে পেশ করবে।

আমাদের দেশের প্রায় সব শিক্ষা প্রতিষ্ঠানেই প্রচুর সমস্যা জমা হয়েছে। মেডিক্যাল কলেজগুলিও অবশ্যই ব্যতিক্রম নয়। শিক্ষা প্রতিষ্ঠানগুলির সমস্যা সমাধানের সব উদ্যোগকেই আমরা স্বাগত জানাব। ঢাকা, চট্টগ্রাম, ময়মনসিংহ, রাজশাহী, সিলেট, বরিশাল ও রংপুরে এখন সরকারী মেডিক্যাল কলেজ রয়েছে। এছাড়াও কিছু সংখ্যক বেসরকারী কলেজ হয়েছে। দেশের চিকিৎসাশাস্ত্র অধ্যায়নে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের চাহিদার পরিপ্রেক্ষিতে এসব প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ এখনও হয়ত যথেষ্ট নয়, তবে শুধু নিত্য নতুন মেডিক্যাল কলেজ প্রতিষ্ঠা করা হলে মেডিক্যাল শিক্ষায় সমস্যার সমাধান হবে বলে আমরা মনে করি না। ঢাকার দুইটি, চিটাগাং এবং ময়মনসিংহের মেডিক্যাল কলেজ বাদ দিলে দেশের অন্যান্য এলাকা মেডিক্যাল কলেজের শিক্ষার মান নিয়ে অনেকের মনেই প্রশ্ন আছে। যে মেডিক্যাল কলেজগুলি প্রতিষ্ঠিত হয়েছে সেগুলির প্রত্যেকেটির শিক্ষার মান প্রায় কাছাকাছি হওয়া দরকার। কোন ক্ষেত্রেই শিক্ষা প্রতিষ্ঠান মানে শুধু দালানকোঠা নয়। মেডিক্যাল কলেজের ক্ষেত্রে ব্যাপক আয়োজন দরকার। এখানে শুধু শিক্ষক, লাইব্রেরী আর ল্যাবরেটরী হলেই প্রস্তুতি সম্পূর্ণ হয় না। হাসপাতাল, মর্গ ইত্যাদি আয়োজনও লাগে। পরিপূর্ণ আয়োজন নিয়ে মেডিক্যাল কলেজগুলিতে যাতে মানসম্পন্ন শিক্ষার পরিবেশ গড়ে ওঠে সে জন্য চেষ্টা চালাতে হবে।

শিক্ষা প্রতিষ্ঠান সুষ্ঠুভাবে চালাবার জন্য লেখাপড়ার বাইরে অন্য সমস্যাও চিন্তা করতে হয়। মেডিক্যাল কলেজগুলিতে হোস্টেল সমস্যা আছে। বিশেষ করে মেয়েদের থাকার ব্যবস্থা নিয়ে সমস্যা প্রকট। হলগুলিতে সিট পেতে বছরের পর বছর গড়িয়ে যায়। কিন্তু নির্দিষ্ট থাকার জায়গা না থাকলে মেয়েদের পক্ষে অনেক সময়ই লেখাপড়া চালানো সম্ভব হয় না। যেসব আবাসিক হোস্টেল আছে সেগুলির থাকা বা খাবার ব্যবস্থাও খুবই নিম্নমানের। এ অবস্থা ঢাকায়ও একইরকম। ব্যতিক্রম কিছু নয়। চিকিৎসাশাস্ত্র শিক্ষায় মেয়েদের উৎসাহিত করতে হলে মেডিক্যাল কলেজগুলির জন্য মেয়ে হোস্টেলের সংখ্যা বাড়াতে হবে। হোস্টেলগুলি যাতে বাসযোগ্য হয় সে ব্যবস্থাও নিতে হবে।

দেশের চিকিৎসা ব্যবস্থার সঙ্গে মেডিক্যাল শিক্ষার নিশ্চয়ই যোগসূত্র আছে। মেডিক্যাল কলেজের শিক্ষা সম্পর্কিত ও যাবতীয় সমস্যা দূর করা তাই জরুরী। আমরা আশা করব সমস্যা সমাধানের লক্ষ্যে নবগঠিত কমিটি উল্লেখযোগ্য অবদান রাখতে সক্ষম হবে।